# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৮. আংটি পরে নামাযে ৭০ গুণ সাওয়াব

আংটির ফযীলতে বানোয়াট একটি হাদীস

صَلاَةٌ بِخَاتَمٍ تَعْدِلُ سَبْعِيْنَ بِغَيْرِ خَاتَمٍ

“আংটি পরে নামায আদায় করলে আংটি ছাড়া নামায আদায়ের চেয়ে ৭০ গুণ বেশি সাওয়াব হয়।”

মুহাদ্দিসগণ একমত যে, হাদীসটি ভিত্তিহীন ও বানোয়াট কথা। রাসূলুল্লাহ ﷺ আংটি ব্যবহার করেছেন বলে সহীহ হাদীসে প্রমাণিত। তবে আংটি পরতে উৎসাহ দিয়েছেন বলে কোন সহীহ হাদীস নেই।[1]

## ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ২৭১; মোল্লা কারী, আল-আসরার, পৃ: ১৪৬; মাসনূ‘য়, পৃ: ৮৭; যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ: ১২৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন